**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/8/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল আডিরোন্ডাক এবং ক্যাটস্কিল সম্প্রদায়সমূহে স্মার্ট গ্রোথ অনুদানের জন্য 3.7 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার ঘোষণা করলেন

***ফরেস্ট প্রিজার্ভে পরিবেশের সুরক্ষা, অর্থনৈতিক বিকাশ, এবং সম্প্রদায়ের বাসযোগ্যতাকে সমন্বিত করার প্রকল্পের জন্য পরিবেশ সংরক্ষণ বিভাগ আবেদন করার অনুরোধ করছে***

***স্মার্ট গ্রোথ অনুদানের এই রাউন্ডের মূল উদ্দেশ্য গ্রামীণ সম্প্রদায়সমূহে জনগণকে সমর্থন ও অর্থনৈতিক স্থিতিশীলতার জন্য সাশ্রয়ী আবাসন***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে আডিরোন্ডাক এবং ক্যাটস্কিল পার্কের সম্প্রদায়সমূহ এবং অলাভজনক সংগঠনসমূহের জন্য 3.7 মিলিয়ন মার্কিন ডলারের স্মার্ট গ্রোথ অনুদান (Smart Growth Grants) উপলভ্য রয়েছে। ডিপার্টমেন্ট অফ স্টেট (Department of State) এবং আডিরোন্ডাক পার্ক এজেন্সির (Adirondack Park Agency) সাথে অংশীদারিত্বে নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ (New York State Department of Environmental Conservation, DEC) এমন প্রকল্পের জন্য আবেদনের অনুরোধ করছে যা ফরেস্ট প্রিজার্ভে পরিবেশের সুরক্ষা, অর্থনৈতিক বিকাশ, এবং সম্প্রদায়ের বাসযোগ্যতাকে সমন্বিত করবে। স্মার্ট গ্রোথ অনুদানের এই রাউন্ডের মূল উদ্দেশ্য সাশ্রয়ী আবাসন, যা গ্রামীণ সম্প্রদায়সমূহে জনগণের সমস্যা সমাধানে ও অর্থনৈতিক স্থিতিশীলতার জন্য একটি মুখ্য উপাদান।

"স্মার্ট গ্রোথ অনুদান কর্মসূচির মাধ্যমে, আমরা আমাদের গ্রামীণ সম্প্রদায়সমূহে নিউ ইয়র্কবাসীদের জন্য অর্থনৈতিক বিকাশকে বলীয়ান করছি এবং জীবনযাত্রার ম্যান উন্নত করছি," **গভর্নর হোকল বলেন।** "আমাদের পুরো স্টেটে নিউ ইয়র্কবাসীরা উচ্চ আবাসন ব্যয়ের সম্মুখীন হচ্ছে, তাই আডিরোন্ডাক এবং ক্যাটস্কিল পার্কের মতো ডেস্টিনেশন টাউনে বাস করার স্থান খুঁজে বের করা পরিবারসমূহের জন্য ক্রমশ কঠিন হয়ে উঠছে। স্মার্ট গ্রোথ কর্মসূচির মাধ্যমে আবাসনকে অগ্রাধিকার প্রদান করে আমরা সম্প্রদায়সমূহকে তাদের স্থানীয় কর্মীবাহিনী বৃদ্ধি করতে, সম্পত্তির মূল্য স্থিতিশীল করতে, এবং বাসিন্দাদের জীবনযাত্রার ব্যয় হ্রাস করতে সাহায্য করতে পারবো।"

DEC এর কমিউনিটি স্মার্ট গ্রোথ অনুদান কর্মসূচিটি জাতীয় "স্মার্ট গ্রোথ" আন্দোলনের আদলে তৈরি করা হয়েছে, এটি এমন বিকাশকে প্রচার করে যা অর্থনৈতিক বিকাশ এবং প্রাকৃতিক ও

মানবসৃষ্ট পরিবেশের মধ্যে ঐকতান সৃষ্টি করে। আজকের ঘোষণাটি হলো কর্মসূচির সূচনার পর থেকে স্মার্ট গ্রোথ অনুদানের সপ্তম রাউন্ড। সম্প্রদায়সমূহে প্রায় 6.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে - ক্যাটস্কিল পার্কে 1.9 মিলিয়ন মার্কিন ডলার এবং আডিরোন্ডাক পার্কে 4.5 মিলিয়ন মার্কিন ডলার। আরো তথ্যের জন্য DEC ওয়েবসাইট দেখুন।

**পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "আডিরোন্ডাক এবং ক্যাটস্কিল ফরেস্ট প্রিজার্ভে (Adirondack and Catskill Forest Preserve) সরকারি ভূমি ও বেসরকারি সম্পত্তি জোড়াতালির মতো একত্রে রয়েছে, যা স্থানীয় সম্প্রদায়সমূহের জন্য অনন্য সমস্যা ও সুযোগ তৈরি করে। স্মার্ট গ্রোথ প্রকল্পসমূহ সম্প্রদায়সমূহকে বিকাশ ও প্রাকৃতিক সংস্থানের সুরক্ষার মধ্যে একটি ভারসাম্য বজায় রাখতে দেয়, নিকটস্থ প্রাকৃতিক সংস্থান প্রদত্ত সুবিধা কাজে লাগাতে স্থানীয় প্রয়াসকে বলীয়ান করে এবং একই সাথে নেতিবাচক পরিবেশ সংক্রান্ত প্রভাব ছাড়া টেকসই বিকাশ ও অর্থনৈতিক স্থিতিশীলতার ব্যবস্থা করে।"

**আডিরোন্ডাক পার্ক এজেন্সির নির্বাহী কর্মকর্তা বার্ব রাইস বলেন,** "স্মার্ট গ্রোথ অনুদান কর্মসূচিটি হলো আডিরোন্ডাক এবং ক্যাটস্কিল সম্প্রদায়সমূহের জন্য ব্যাপক ব্যাপ্তির চাহিদা ও লক্ষ্য পূরণ করার একটি সুযোগ। এক দশকের বেশি সময় ধরে, কর্মসূচিটির ফলে পরিবেশগতভাবে টেকসই প্রকল্পের বাস্তবায়ন হয়েছে যা পার্কের বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করেছে। সাশ্রয়ী আবাসনের প্রতি গভর্নরের অগ্রাধিকার বহু সম্প্রদায়ের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ সমস্যার মোকাবেলা করে। বিশেষ করে আডিরোন্ডাক এবং ক্যাটস্কিলের জন্য নিবেদিত এই কর্মসূচির সুযোগ গ্রহণ করার জন্য আমরা মিউনিসিপ্যালিটি ও অলাভজনক সংগঠনসমূহকে দৃঢ়ভাবে উৎসাহিত করছি।"

**স্টেট সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন,** "স্মার্ট গ্রোথ আডিরোন্ডাক এবং ক্যাটস্কিলে সাশ্রয়ী আবাসন, অর্থনৈতিক বিকাশ এবং পরিবেশগতভাবে টেকসই হওয়ার একটি অতি গুরুত্বপূর্ণ পথ প্রদান করে। 3.7 মিলিয়ন মার্কিন ডলারের স্মার্ট গ্রোথ অনুদানটি পার্কের সম্প্রদায়সমূহকে টেকসই, সমতার এবং জলবায়ুবান্ধব বিকাশের জন্য একটি দীর্ঘমেয়াদি, সম্প্রদায়ভিত্তিক ভিশন নির্ধারণ করতে সাহায্য করবে। নিউ ইয়র্ক স্টেট স্মার্ট গ্রোথ, সমতা এবং জলবায়ু পরিবর্তনে ক্ষেত্রে দেশের শীর্ষে আছে, এবং নতুন এই অর্থায়নের সুযোগটি আমাদের দারুণ সব সমর্থন নীতিমালা ও কর্মসূচির সাথে আরেকটি সংযোজন হবে।"

এই অনুদানের জন্য তহবিল প্রদান করবে পরিবেশ সুরক্ষা তহবিল (Environmental Protection Fund, EPF) এবং এখানে আডিরোন্ডাক পার্ক প্রকল্পের জন্য 2.7 মিলিয়ন মার্কিন ডলার এবং ক্যাটস্কিল পার্কের প্রকল্পের জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার থাকবে। এই অনুদান কর্মসূচির লক্ষ্য হলো এমন প্রকল্পকে সমর্থন করা যা সার্বিক পরিকল্পনা ও অর্থনৈতিক বিকাশ কর্মকাণ্ডের অনুবর্তী হবে। 2023-24 স্টেট বাজেটে গভর্নর হোকল EPF এর জন্য 400 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল বহাল রাখেন, যা কর্মসূচির ইতিহাসে সর্বোচ্চ পর্যায়ের তহবিল। এছাড়া EPF অতি গুরুত্বপূর্ণ পরিবেশ কর্মসূচির জন্য তহবিল প্রদান করে যেমন কৃষিজমির সুরক্ষা, আক্রমণাত্মক প্রজাতির প্রতিরোধ এবং নির্মূল, উন্নত বিনোদনমূলক সুযোগ, পানির মান উন্নয়ন, এবং একটি আগ্রাসী সামাজিক ন্যায়বিচার এজেন্ডা।

যোগ্য প্রকল্পসমূহকে বৃহত্তর সম্প্রদায় বিকাশ প্রকল্পকে সমর্থন করতে হবে, যেমন পুনরুজ্জীবন প্রয়াস, ক্যাপিটাল উন্নয়ন, এবং সাংগঠনিক বিকাশ বা ধারণক্ষমতা গঠন, যার মধ্যে নিম্নোক্ত বিষয় অন্তর্ভুক্ত হতে পারে কিন্তু তা এতে সীমাবদ্ধ থাকবে না:

- বাইকবান্ধব রুট এবং সুযোগসুবিধা প্রদান;
- স্থানীয়/আঞ্চলিক জাদুঘর ও থিয়েটারের উন্নয়ন বা প্রচার;
- মেইন স্ট্রিট ফ্যাসেডের উন্নয়ন;
- ঐতিহাসিক সম্পত্তির রিফার্বিশ করা;
- সম্প্রদায়ভিত্তিক পর্যটন কর্মসূচি এবং কর্মকাণ্ড প্রদান;
- নতুন বিনোদনমূলক সুযোগ তৈরি;
- বহু ব্যবহারের ট্রেইল বিকাশ;
- পথপ্রদর্শন এবং তথ্যমূলক সাইনেজ ও কিয়স্ক;
- পার্ক ও জনগণের স্থানের উন্নয়ন;
- জোনিং আপডেট;
- দর্শনার্থী কেন্দ্রের উন্নয়ন;
- পর্যটনের সাইটের সৌন্দর্যবর্ধন; এবং
- হ্যামলেট ও গ্রামে সাইডওয়াক প্রদান করা।

এছাড়াও অনুদান কর্মসূচিটি সার্বিক এবং/অথবা স্থানীয় ভূমি ব্যবহারের পরিকল্পনার বিকাশ, এবং সেই সাথে বিদ্যমান পরিকল্পনার সংশোধনের জন্য আবেদনকে স্বাগত জানাবে।

আবেদনের জন্য অনুরোধটি নিউ ইয়র্ক স্টেট অনুদান গেটওয়ের (New York State Grants Gateway) মাধ্যমে উপলভ্য হবে এবং আবেদন করার শেষ সময় 31 জানুয়ারি, 2024, বুধবার, বিকাল 3টা।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418